



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৫৬৪৭



নং- বামাশিবো/প্রশাসন/ যশোর-১১৬/ ১১৬১৬

তারিখঃ ৫/০৩/২০১৮খ্রিঃ

বিষয় : গভার্ণিং বডি'র সভাপতি পদে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার চৌগাছা উপজেলাধীন সিংহবুলী সিনিয়র আলিম মাদ্রাসার গভার্ণিং বডি সভাপতি জনাব শাহজাহান কবির ব্যক্তিগত সমস্যার কারণে পদত্যাগ করায় মাদ্রাসার অধ্যক্ষ পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, জনাব এ্যাড. মোঃ শাহানুর আলম শাহীন, পিতা- মৃত ফজলুল হক মল্লিককে সভাপতি হিসাবে মনোনয়ন দেয়ার জন্য স্থানীয় সংসদ সদস্য জনাব মোঃ মনিরুল ইসলাম, ৮৬ যশোর-২ মহোদয় ডিও পত্র প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৫(৩) অনুসারে বিগত ০১/০৮/২০১৬খ্রিঃ তারিখের নং- বামাশিবো/প্রশা/১৪৯১/২/নথি নং- যশোর-১১৬ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি'র সভাপতি পদ হতে জনাব শাহজাহান কবিরকে অব্যাহতি প্রদান পূর্বক অবশিষ্ট মেয়াদের জন্য জনাব এ্যাড. মোঃ শাহানুর আলম শাহীন, পিতা- মৃত ফজলুল হক মল্লিককে সভাপতি পদে মনোনয়ন প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, সিংহবুলী সিনিয়র আলিম মাদ্রাসা
ডাকঘর- সিংহবুলী, চৌগাছা, যশোর।

নং- বামাশিবো/প্রশা/ যশোর-১১৬/ ১১৬১৬

তারিখঃ ৫/০৩/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।
২. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌগাছা, যশোর।
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রনী/জনতা ব্যাংক লিমিটেড, শাখা, চৌগাছা, যশোর।
৫. জনাব এ্যাড. মোঃ শাহানুর আলম শাহীন, পিতা- মৃত ফজলুল হক মল্লিক
গ্রাম- সিংহবুলী, ডাকঘর- সিংহবুলী, উপজেলা- চৌগাছা, জেলা- যশোর।
৬. সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, সিংহবুলী সিনিয়র আলিম মাদ্রাসা, ডাকঘর- সিংহবুলী, চৌগাছা, যশোর।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪